দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... JUL 23 1998
পৃষ্ঠা ১৬ কলাম ৭

# নকল প্রতিরোধে পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত

মাইনুল হাসান ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রী পরীক্ষার নকল বন্ধের জন্য প্রতিটি স্থানে কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। যেখানে একাধিক কেন্দ্র রহিয়াছে সেখানে এক কলেজের ছাত্রছাত্রীদের অন্য কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে হইবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে কেন্দ্রের বিবরণ ও পরীক্ষার্থীদের আসন ব্যবস্থার খসড়া তালিকা তৈরী করিয়া জেলা প্রশাসকদের নিকট পাঠাইয়াছেন। কলেজ কর্তৃপক্ষকে জেলা প্রশাসকের সহিত

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## নকল প্রতিরোধে

(শেষ পৃষ্ঠার পর)

আলাপ করিয়া খসড়া তালিকা সম্পর্কে কোন আপত্তি থাকিলে উহা এই মাসের মধ্যে জানাইবার নির্দেশ দেওয়া হইয়াছে। জেলা প্রশাসকের সুপারিশ পাওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চূড়ান্ত কেন্দ্র তালিকা ও আসন বিন্যাস প্রকাশ করিবেন।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর বিনয় রতন বড়ুয়া স্বাক্ষরিত পত্রে বলা হইয়াছে যে, জেলা প্রশাসকের সুপারিশ ব্যতীত কেন্দ্র স্থাপন ও আসন বিন্যাস সম্পর্কে কোন আবেদন বিবেচনা করা হইবে না। এ বছর ২৯শে অক্টোবর অনুষ্ঠিতব্য ডিগ্রী পরীক্ষায় এই নিয়ম প্রযোজ্য হইবে। একজন প্রবীণ অধ্যক্ষ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষার প্রতিটি স্থানে কেন্দ্র পরিবর্তনের বিধিবদ্ধ নিয়ম ছিল। জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষা গ্রহণের দায়িত্ব গ্রহণের পর ঐ নিয়ম প্রত্যাহার করে। শুধু ঢাকা শহরে কেন্দ্র পরিবর্তনের নিয়ম বহাল রাখে। এমনও দেখা গিয়াছে যে, জেলা প্রশাসকের সুপারিশ বা তদন্ত প্রতিবেদন ছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয় বহু নূতন কেন্দ্র চালু করিয়াছে। যেখানে প্রশ্নপত্র রাখার মত নিরাপত্তা ব্যবস্থা নাই সেইখানেও তদ্বিরের জোরে কেন্দ্র স্থাপিত হইয়াছে। ফলে নকলে দেশ ছাইয়া গিয়াছে।